গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

" বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন "

**নম্বর:** ৪৭.৬১.০০০০.২৪৩.৩২.০০১.২৪.৫৮২

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

## নিরীক্ষা বরাদ্দ আদেশ

সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতা ও সমবায় অধিদপ্তর, ঢাকার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী পউবো অন্তর্ভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতিসমূহের ২০২৪-২৫ বর্ষের নিরীক্ষা সম্পাদনের জন্য সংযুক্ত তালিকায় বর্ণিত সমিতির নামের পাশে উল্লিখিত কর্মকর্তা-কর্মকারীবৃন্দকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিরীক্ষা কর্মকর্তা নিয়োগ করা হল।

বরাদ্দকৃত সমবায় সমিতির নিরীক্ষা ৩১-১২-২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে। নিরীক্ষা কর্মকর্তার বদলিজনিত কারণে স্থলাভিষিক্ত কর্মকর্তা এ আদেশে তদস্থলে নিয়োগপ্রাপ্ত নিরীক্ষা কর্মকর্তা বলে গণ্য হবেন।

<u>শর্তাবলি</u>

১. নিরীক্ষা কার্যক্রমের প্রারম্ভে সমবায় সমিতির স্থাবর ও অস্থাবর সম্পত্তি, মজুত মালামাল, নগদ ও ব্যাংক তহবিল সরেজমিনে যাচাই করে ২ প্রস্ত যাচাই প্রতিবেদন আগামী ২৯-৮-২০২৪ তারিখের মধ্যে নিরীক্ষা বরাদ্দকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

২. সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৪৫; সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১০০, ১০১, ১০২; নিরীক্ষা ম্যানুয়েল এবং সমবায় অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র ও দপ্তর আদেশ যথাযথভাবে প্রতিপালনপূর্বক নিরীক্ষা সম্পাদন করে সংশ্লিষ্ট সমিতি, উপজেলা, জেলা ও বিভাগীয় সমবায় কার্যালয়ে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।

৩. নিরীক্ষা প্রতিবেদনে সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ৪৬; সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১০৩; নিরীক্ষা ম্যানুয়েল এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক জারিকৃত পরিপত্র ও দপ্তর আদেশে উল্লিখিত বিষয়সমূহে সুস্পষ্ট মন্তব্য অন্তর্ভুক্ত করতে হবে।

৪. যেসব সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সেসব সমিতির নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত সম্পদের তফসিল, মালিকানা, মূল্য, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।

৫. সমবায় সমিতিতে সর্বশেষ অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও বার্ষিক সাধারণ সভা, হিসাব বিবরণী দাখিল, বার্ষিক বাজেট অনুমোদন ও বাজেট বহির্ভূত ব্যয় সংক্রান্ত সুস্পষ্ট মন্তব্য প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে।

৬. সমিতির অর্থ আদায় বা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অনিয়ম বা ত্রুটি আছে কিনা; সে বিষয়টি যাচাই করে নিরীক্ষা প্রতিবেদনে মন্তব্য প্রদান করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বিশেষ প্রতিবেদনের মাধ্যমে বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি-আকর্ষণ করতে হবে।

৭. নিরীক্ষা কর্মকর্তাবৃন্দ সমবায় সমিতির হিসাব বিবরণী যথাযথভাবে নিরীক্ষার মাধ্যমে জালিয়াতি ও আত্মসাৎ উদঘাটনে সচেষ্ট থাকবেন এবং এ ধরনের অনিয়ম উদঘাটিত হলে একটি বিশেষ নিরীক্ষা প্রতিবেদন পৃথকভাবে দাখিল করবেন।

৮. যেসব সমবায় সমিতি বিভিন্ন কৌশলে আমানত গ্রহণ ও বিনিয়োগ করে সেসব সমিতির ঝুঁকিসমূহ নিরূপণ করে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

৯. কার্যকর ও অধিক লেনদেন বিশিষ্ট সমবায় সমিতির নিরীক্ষা অগ্রাধিকার ভিত্তিতে আগে সম্পাদন করতে হবে।

১০. বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা অনুযায়ী নিরীক্ষা সম্পাদনপূর্বক ব্যক্তিগত নিরীক্ষা রিটার্ন সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসে দাখিল করে বিভাগীয় সমবায় কার্যালয়ে রিটার্নের অনুলিপি প্রেরণ করতে হবে।

১৪-০৭-২০২৪
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর:

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ (তার অধীন নিরীক্ষা কর্মকর্তা ও সমিতি কর্তৃপক্ষকে নিরীক্ষা বরাদ্দ আদেশ সরবরাহ করার অনুরোধসহ);
২। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী।;
৩। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), নওগাঁ;
৪। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), নাটোর।;
৫। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), চাঁপাইনবাবগঞ্জ।;
৬। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), বগুড়া।;
৭। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), সিরাজগঞ্জ। ;
৮। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), পাবনা।;
৯। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), জয়পুরহাট।;
১০। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (সকল জেলা), রাজশাহী বিভাগ;
১১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী;
১২। সভাপতি/নির্বাহী কর্মকর্তা (সকল) ............ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি./ উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লি. রাজশাহী বিভাগ এবং
১৩। জনাব ............................................নিরীক্ষা কর্মকর্তা (সকল), পউবোভুক্ত কেন্দ্রীয় সমবায় সমিতি, রাজশাহী বিভাগ।

১৪-০৭-২০২৪
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

| জেলা | নং | কেন্দ্রীয় সমবায় সমিতির নাম ও ঠিকানা | নিবন্ধন নং | নিরীক্ষকের নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ১১০ | সুজানগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:, পল্লীভবন, সুজানগর, পাবনা | ০৫<br>২৯-১০-১৯৭৭ | মোঃমিজানুর রহমান<br>উপজেলা সমবায় কর্মকর্তা, বেড়া, পাবনা |
| | ১১১ | সুজানগর উপজেলা বিত্তহীন কেন্দ্রীয় সমবায় সমিতি লি:, পল্লীভবন, সুজানগর, পাবনা | ২৪<br>০২-১০-১৯৯৩ | এ.কে.এম নূরুজ্জামান<br>পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, পাবনা |
| জয়পুরহাট<br>৫টি<br>(১১২-১১৬) | ১১২ | জয়পুরহাট সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ পল্লীভবন, জয়পুরহাট সদর,জয়পুরহাট। | ১২<br>০৭-০১-১৯৭৪ | মোঃ ওয়াহেদুজ্জামান<br>পরিদর্শক, জেলা সমবায় অফিস, জয়পুরহাট। |
| | ১১৩ | পাঁচবিবি উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ পল্লীভবন, পাঁচবিবি,জয়পুরহাট। | ০৭<br>১৬-০৮-১৯৮০ | বিধান কুমার সরকার<br>সরেজমিনে তদন্তকারী<br>জেলা সমবায় অফিস, জয়পুরহাট। |
| | ১১৪ | আক্কেলপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ পল্লীভবন, আক্কেলপুর,জয়পুরহাট। | ০৩<br>০২-০৮-১৯৮০ | মোঃ মোজাম্মেল হক<br>সহকারী পরিদর্শক<br>উপজেলা সমবায় অফিস, ক্ষেতলাল,জয়পুরহাট। |
| | ১১৫ | কালাই উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ পল্লীভবন, কালাই, জয়পুরহাট। | ০৫<br>০৭-০২-১৯৮৪ | আবু হাশেম মোঃ মোকাররম হোসেন<br>উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট। |
| | ১১৬ | ক্ষেতলাল উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ পল্লীভবন, ক্ষেতলাল,জয়পুরহাট। | ০১<br>০৫-০১-১৯৭৯ | এ.এন.এম মনোয়ারুল ইসলাম<br>সহকারী পরিদর্শক<br>উপজেলা সমবায় অফিস, আক্কেলপুর,জয়পুরহাট। |

২৪/৭/২৪

মোঃ মোখলেছুর রহমান
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সমবায় অধিদপ্তর

**বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী**

www.coop.rajshahidiv.gov.bd

তারিখ: ৩০/০৬/২০২৪

নং- ০০০১

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৪৩ ধারায় অর্পিত ক্ষমতা বলে রাজশাহী বিভাগের (সাধারণ) কার্যকর প্রাথমিক সমবায় সমিতি সমূহের বকেয়াসহ (যদি থাকে) ২০২৪-২০২৫ সালের বার্ষিক নিরীক্ষা সম্পাদনের জন্য এ সাথে সংযুক্ত সমিতির নামের পার্শ্বে বর্ণিত কর্মকর্তাবৃন্দকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিরীক্ষা কর্মকর্তা নিয়োগ করা হল।

বরাদ্দকৃত সমবায় সমিতির নিরীক্ষা অবশ্যই মার্চ মাসের ২০২৫ সালের মধ্যে নিরীক্ষা ম্যানুয়্যাল অনুযায়ী যথাযথ ভাবে সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট নিরীক্ষা কর্মকর্তার বদলী জনিত কারণে স্থলাভিষিক্ত কর্মকর্তা এই আদেশে তদস্থলে নিয়োগপ্রাপ্ত নিরীক্ষা কর্মকর্তা বলে গণ্য হবেন।

শর্তাবলীঃ

১। সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০), অডিট ম্যানুয়্যাল, পরিপত্র ও দপ্তর আদেশ অনুসারে নিরীক্ষা কাজ সম্পাদন করে ব্যক্তিগত নিরীক্ষা রিটার্নসহ ০২ (দুই) প্রস্থ নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট নিরীক্ষক বরাদ্দ কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে। নিরীক্ষা সম্পর্কীত নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৩.০১৮.০২.১৭-৭৭, তারিখ-১৪/০৬/২০১২ খ্রিঃ সর্বশেষ জারীকৃত সার্কুলারে উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। বিশেষ করে যে সকল সমবায় সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সকল সমিতির নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত সম্পদের মালিকানা, রক্ষণাবেক্ষণ, মুল্যায়ন ও নিরাপত্তা বিষয়ে প্রতিবেদনে সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে।

২। নিরীক্ষা কর্মকর্তাগণ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ৪৫ ও ৪৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০০, ১০১, ১০২ ও ১০৩ বিধির আলোকে অডিটকার্য সম্পাদন করবেন।

৩। সমিতির অর্থ আদায় বা ব্যয়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য অনিয়ম বা ত্রুটি আছে কিনা; সে বিষয়ে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১০৩ (১) (ঙ) বিধি মোতাবেক মন্তব্য প্রদান করবেন। প্রয়োজনে তিনি বিশেষ প্রতিবেদনের মাধ্যমে এই বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবেন।

৪। ছোট খাট ভুল ত্রুটি বা অনিয়মসমুহ তাৎক্ষনিকভাবে সংশোধন করে নেওয়ার ব্যবস্থা করবেন।

৫। যে সকল সমবায় সমিতি বিভিন্ন কৌশলে আমানত গ্রহন ও বিনিয়োগ করে তাঁদের বিষয়ে ঝুঁকি সমুহ নিরুপন করে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহনের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন।

৬। অডিট কর্মসুচি প্রণয়নের ক্ষেত্রে আর্থিকভাবে স্বচ্ছল এবং কার্যকর সমবায় সমিতি সমুহের অডিট অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অর্থাৎ সর্বাগ্রে 'এ' শ্রেণীভুক্ত সমবায় সমিতি তারপর 'বি', 'সি' ও 'ডি' এই ধারাবাহিকতায় অডিট সম্পাদন করতে হবে।

৭। নির্ধারিত সময়ে অডিট প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে অডিট প্রতিবেদন ব্যতিত অডিট সম্পাদন দেখানো যাবে না। অডিট রিপোর্টের সাথে অফিসার ভিত্তিক অডিট রিটার্ন দাখিল করতে হবে।

৩০/৬/২৪

মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
রাজশাহী

স্মারক নং- ৪৭.৬১.০০০০/নিরীক্ষা/০০০১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা সমবায় অফিসার/পরিদর্শক/সহকারী-পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, রাজশাহী বিভাগের , চাঁপাই নাবাবগঞ্জ তাকে নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দকৃত সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা সম্পাদনপূর্বক নিরীক্ষা প্রতিবেদন যথাযথ স্থানে দাখিলের জন্য অনুরোধ করা হইলো (তালিকা সংযুক্ত)

... তাকে লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট সম্পাদন নিশ্চিত করার জন্য অনুরোধ রইলো।

জয়পুরহাট সদর উপজেলাধীন সমবায় সমিতিসমূহের ২০২৪-২০২৫ সালে নিরীক্ষক বরাদ্দের তালিকা

| নং | অফিসের নাম | সমবায় সমিতির নাম | সমিতির ঠিকানা | নিরীক্ষকের নাম ও পদবি |
|---|---|---|---|---|
| ৯ | উপজেলা সমবায় অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট | কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি (সীঃ).জয়পুরহাট<br>নিবন্ধন নম্বর- ১৯৬৩.২.০১.৩৮৪৭.০২১৫<br>তারিখ- ০৪/১১/১৯৬৩ | মহল্লাঃ চিনিকল সড়ক,ডাকঘরঃ জয়পুরহাট উপজেলা- জয়পুরহাট সদর জেলা- জয়পুরহাট | মোঃ আহসান হাবীব<br>সহকারী পরিদর্শক-১<br>উপজেলা সমবায় অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট |
| ১০ | উপজেলা সমবায় অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট | জয়পুরহাট কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ<br>নিবন্ধন নম্বর- ১৯২১.২.২৫.৩৮৪৭.০২১৭<br>তারিখ- ২৫/০৬/১৯২১ | মহল্লাঃ আমতলী মাদ্রাসাপাড়া, ডাকঘরঃ জয়পুরহাট উপজেলা- জয়পুরহাট সদর জেলা- জয়পুরহাট | মোঃ মোশারফ হোসেন<br>উপজেলা সমবায় অফিসার<br>উপজেলা সমবায় অফিস, পাঁচবিবি, জয়পুরহাট |
| ১১ | উপজেলা সমবায় অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট | জয়পুরহাট কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ<br>নিবন্ধন নম্বর- ১৯৮৬.২.২৬.৩৮৪৭.০২১৬<br>তারিখ- ০৬/০১/১৯৮৬ | মহল্লাঃ জয়পুরহাট,ডাকঘরঃ জয়পুরহাট উপজেলা- জয়পুরহাট সদর জেলা- জয়পুরহাট | মোঃ জাহাঙ্গীর আলম<br>উপজেলা সমবায় অফিসার<br>উপজেলা সমবায় অফিস, কালাই, জয়পুরহাট |
| ১২ | উপজেলা সমবায় অফিস, পাঁচবিবি, জয়পুরহাট | সোনার বাংলা কেন্দ্রীয় মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>নিবন্ধন নম্বর- ২০১৬.২.০৮.৩৮৭৪.০২৭৪<br>তারিখ- ০৩/০৮/২০১৬ | গ্রামঃ বালিঘাটা পোঃ পাঁচবিবি উপজেলা- পাঁচবিবি জেলা- জয়পুরহাট | মোঃ শাহিনুর আলম<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস,জয়পুরহাট |

তাড়াশ উপজেলাধীন সমবায় সমিতিসমূহের ২০২৪-২০২৫ সালে নিরীক্ষক বরাদ্দের তালিকা

| নং | অফিসের নাম | সমবায় সমিতির নাম | সমিতির ঠিকানা | নিরীক্ষকের নাম ও পদবি |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা সমবায় অফিস, তাড়াশ, সিরাজগঞ্জ | তাড়াশ জাগরণ কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ<br>নিবন্ধন নম্বর- ২০১২.২.২৫.৮৮৮৯.০১৭৮<br>তারিখ- ০২/০৮/২০১২ | গ্রাম: তাড়াশ পো: তাড়াশ উপজেলা- তাড়াশ জেলা- সিরাজগঞ্জ | মোঃ জুয়েল হোসেন<br>সহকারী পরিদর্শক-১<br>উপজেলা সমবায় অফিস, তাড়াশ, সিরাজগঞ্জ |

নওগাঁ সদর উপজেলাধীন সমবায় সমিতিসমূহের ২০২৪-২০২৫ সালে নিরীক্ষক বরাদ্দের তালিকা

| নং | অফিসের নাম | সমবায় সমিতির নাম | সমিতির ঠিকানা | নিরীক্ষকের নাম ও পদবি |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় অফিস, নওগাঁ সদর, নওগাঁ | আপ্রকাশি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ<br>নিবন্ধন নম্বর- ২০০৯.১.২৫.৬৪৬০.০৩৮৮<br>তারিখ- ০১/০৪/২০০৯ | গ্রাম/মহল্লাঃ নিউ সাহাপুর, পোঃ নওগাঁ উপজেলা- নওগাঁ সদর জেলা- নওগাঁ | মোঃ মাহবুবুর রহমান<br>সহকারী পরিদর্শক-১<br>উপজেলা সমবায় অফিস, নওগাঁ সদর, নওগাঁ |
| ১৫ | উপজেলা সমব্যয় অফিস, নওগাঁ সদর, নওগাঁ | নওগাঁ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ<br>নিবন্ধন নম্বর- ১৯১৮.২.২৬.৬৪৬০.০৩৮৬<br>তারিখ- ২২/০৩/১৯১৮ | গ্রাম/মহল্লাঃ মুক্তির মোড়, পোঃ নওগাঁ উপজেলা- নওগাঁ সদর জেলা- নওগাঁ | মোঃ জাফরুল ইসলাম<br>উপজেলা সমবায় অফিসার<br>উপজেলা সমবায় অফিস, রাণীনগর, নওগাঁ |
| ১৬ | উপজেলা সমবায় অফিস, নওগাঁ সদর, নওগাঁ | নওগাঁ মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ<br>নিবন্ধন নম্বর- ২০০৮.১.২৫.৬৪৬০.০১৮৮<br>তারিখ- ১৫/০৪/২০০৮ | গ্রাম-ভবানীপুর, পোঃ নওগাঁ উপজেলা- নওগাঁ সদর জেলা- নওগাঁ | ১) মোঃ আব্দুর রাজ্জাক- দলনেতা<br>উপজেলা সমবায় অফিসার<br>উপজেলা সমবায় অফিস, পোরশা, নওগাঁ<br>২। মোঃ জুয়েল উদ্দিন, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী- দল সদস্য |